

🗏 আত-তাগাবুন | At-Taghabun | ٱلتَّغَابُن

আয়াতঃ ৬৪: ১৭

া আরবি মূল আয়াত:

إن تُقرِضُوا اللهُ قَرضًا حَسَنًا يُّضِعِفهُ لَكُم وَ يَغفِر لَكُم اَ وَ اللهُ شَكُورٌ حَلِيمٌ ﴿١٧﴾

যদি তোমরা আল্লাহকে উত্তম ঋণ দাও, তিনি তা তোমাদের জন্য দিগুন করে দিবেন এবং তোমাদের ক্ষমা করে দিবেন। আল্লাহ গুণগ্রাহী, পরম ধৈর্যশীল। — আল-বায়ান

তোমরা যদি আল্লাহকে উত্তম ঋণ দাও, তবে তিনি তা তোমাদের জন্য দ্বিগুণ করে দেবেন, আর তোমাদেরকে ক্ষমা করবেন, আল্লাহ (কারো কাজের) অতি মর্যাদাদানকারী, সহনশীল। — তাইসিরুল

যদি তোমরা আল্লাহকে উত্তম ঋণ দান কর তাহলে তিনি তোমাদের জন্য ওটা দ্বিগুণ বৃদ্ধি করবেন এবং তিনি তোমাদেরকে ক্ষমা করবেন। আল্লাহ গুণগ্রাহী ও সহনশীল। — মুজিবুর রহমান

If you loan Allah a goodly loan, He will multiply it for you and forgive you. And Allah is Most Appreciative and Forbearing. — Sahih International

১৭. যদি তোমরা আল্লাহকে উত্তম ঋণ দান কর তিনি তোমাদের জন্য তা বহু গুণ বৃদ্ধি করবেন এবং তিনি তোমাদেরকে ক্ষমা করবেন। আর আল্লাহ গুণগ্রাহী, পরম সহিষ্ণু।

তাফসীরে জাকারিয়া

- (১৭) যদি তোমরা আল্লাহকে উত্তম ঋণ দান কর,[1] তাহলে তিনি তোমাদের জন্য তা বহুগুণ বৃদ্ধি করবেন এবং তিনি তোমাদেরকে ক্ষমা করবেন। [2] আর আল্লাহ গুণগ্রাহী, সহনশীল।[3]
 - [1] অর্থাৎ, খালেস নিয়তে (আন্তরিকতার সাথে) এবং সম্ভুষ্ট মনে যদি আল্লাহর রাস্তায় ব্যয় কর। (তাহলে তা তোমাদের বৃথা যাবে না। বরং তা ঋণের মত পরিশোধ করা হবে।)
 - [2] অর্থাৎ, তা কয়েক গুণ বাড়িয়ে পরিশোধ করার সাথে সাথে তিনি তোমাদের গোনাহসমূহকেও মার্জনা করে দেবেন।



[3] তিনি গুণগ্রাহীঃ তিনি তাঁর অনুগতদেরকে أَخْنُعَافًا مُحْنَاعَفَةً বহুগুণ সওয়াব দানে ধন্য করেন। তিনি সহনশীলঃ তিনি অবাধ্যদেরকে সত্ত্বর পাকড়াও করেন না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5216

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন